



চট্টগ্রাম বন্দর পরিচালনা ইস্যুতে হাইকোর্টের রায় ৪ ডিসেম্বর



সংগৃহীত ছবি

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং টার্মিনাল বিদেশি প্রতিষ্ঠানকে দেওয়া যাবে কি না—এই গুরুত্বপূর্ণ বিষয়ে হাইকোর্ট ৪ ডিসেম্বর রায় ঘোষণার দিন ঠিক করেছে। মঙ্গলবার (২৫ নভেম্বর) বিচারপতি ফাতেমা নজির ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ বিষয়ে আদেশ দেন।

রিট আবেদনের পক্ষ থেকে আদালতে উপস্থিত ছিলেন ব্যারিস্টার জমির উদ্দিন সরকারসহ আরও কয়েকজন আইনজীবী। রাষ্ট্রের পক্ষে অবস্থান তুলে ধরেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান এবং অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক।

রিটকারীদের বক্তব্য, দেশের প্রধান সমুদ্রবন্দর বিদেশি পরিচালনায় দেওয়া অত্যন্ত সংবেদনশীল সিদ্ধান্ত, যা অন্তর্ভুক্তি সরকারের নেওয়া উচিত নয়। তাদের মতে, নির্বাচিত সরকারই এ ধরনের দীর্ঘমেয়াদী নীতিনির্ধারণে উপযুক্ত।

অন্যদিকে রাষ্ট্রপক্ষ দাবি করে, বন্দর বিদেশিদের হাতে তুলে দেওয়ার অভিযোগ বাস্তবসম্মত নয়। তারা বলেন, অন্তর্ভুক্তি সরকার আইনগতভাবে টার্মিনাল পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত নিতে সক্ষম এবং এ নিয়ে বিভ্রান্তি ছড়ানোর প্রয়োজন নেই।

উল্লেখ্য, ২০ নভেম্বর হাইকোর্ট ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে নিউমুরিং টার্মিনাল পরিচালনা সংক্রান্ত সব কার্যক্রম সাময়িক স্থগিত করেন।